



নং ২০৭ . . . . /সি/২০১৬-১৭

তারিখ: ০৮-১১-২০১৬ ইং

ওয়েব মাস্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়

নিম্নলিখিত বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের অবহিত করনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত

(মো: আশরাফুজ্জামান)

উপ-পরিচালক

ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিষয়: ছাত্র-ছাত্রীদের খণ্ডকালীন চাকুরীর বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে প্রকাশ সংক্রান্ত

ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর থেকে কিছু সংখ্যক ছাত্র-ছাত্রীকে ১০০০/- (এক হাজার) টাকা মাসিক সম্মানীতে বিশ্ববিদ্যালয় লাইব্রেরী, রেজিস্ট্রার দফতর ও ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরে ছয় মাসের ( ১লা জানুয়ারী, ২০১৭ ইং থেকে ৩০ জুন, ২০১৭ ইং পর্যন্ত) খণ্ডকালীন চাকুরীতে নিয়োগ দেয়া হবে। বিভাগীয় বা ইনস্টিটিউটের চেয়ারম্যান ও ছাত্র-উপদেষ্টার মনোনয়নসহ অস্বচ্ছল, মেধাবী ও নিয়মিত ছাত্র বা ছাত্রীদের তথ্যাবলী এবং ছবিসহ নির্ধারিত ফরম (সকল বিভাগ ও ইনস্টিটিউট অফিসে সরবরাহকৃত) পূরন করে আগামী ২৪-১১-২০১৬ ইং তারিখের মধ্যে অত্র দফতরে আবেদন করার অনুরোধ করছি। আগামী ০১-১২-২০১৬ ইং তারিখ সকাল ১১.৩০ মিনিটের সময় টি,এস,সি মুনির চৌধুরী সম্মেলন কক্ষে (দ্বিতীয় তলায়) আবেদনকারী ছাত্র-ছাত্রীকে নির্বাচনী সাক্ষাৎকার গ্রহন করা হবে।

উল্লেখ্য, যে সব ছাত্র-ছাত্রী বর্তমানে (০১-০৭-২০১৬ থেকে ৩১-১২-২০১৬ পর্যন্ত) কাজ করেছে তারা আবেদন করতে পারবেন না। সাক্ষাৎকারের সময় অনুপস্থিত ছাত্র-ছাত্রীকে পরবর্তীতে চাকুরী দেয়া হবে না।